

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৩৮

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ পরকালের কাজে প্রতিযোগিতা করা এবং বরকতময় জিনিস অধিক কামনা করার বিবরণ

## আরবী

عَن عُمَرَ بْنَ الْخَطَّابِ رضى الله عَنه – قَالَ: أَمَرَنَا رَسُولُ اللهِ عَلَيْ يَوْمًا أَنْ نَتَصَدَّقَ فَوَافَقَ ذَلِكَ مَالاً عَندى فَقُلْتُ الْيَوْمَ أَسْبِقُ أَبَا بَكْرٍ إِنْ سَبَقْتُهُ يَوْمًا فَجِئْتُ بِنِصْفِ مَالِى فَوَافَقَ ذَلِكَ مَالاً عَندى فَقُلْتُ الْيَوْمَ أَسْبِقُ أَبَا بَكْرٍ إِنْ سَبَقْتُهُ يَوْمًا فَجِئْتُ بِنِصْفِ مَالِى فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ مَا أَبْقَيْتَ لأَهْلِكَ قَالَ وَأَتَى أَبُو بَكْرٍ رضى الله عَنه \_ بِكُلِّ مَا عَندَهُ فَقَالَ لَهُ رَسُولُ اللهِ عَلَيْ مَا أَبْقَيْتَ لأَهْلِكَ قَالَ أَبْقَيْتُ لَهُمُ اللهَ وَرَسُولَهُ قُلْتُ لاَ أَسْابِقُكَ إِلَى شَيْءٍ أَبَدًا

## বাংলা

(৪৩৮) উমার বিন খাত্মাব (রাঃ) বলেন, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে দান করতে আদেশ দিলেন। সে সময় আমার কাছে বেশ কিছু মাল ছিল। আমি মনে মনে বললাম, যদি কোনদিন আবূ বকরকে হারাতে পারি, তাহলে আজ আমি প্রতিযোগিতায় তাঁকে হারিয়ে ফেলব। সুতরাং আমি আমার অর্ধেক মাল নিয়ে এসে রাসূলুল্লাহর দরবারে হাযির হলাম। তিনি আমাকে জিজ্ঞাসা করলেন, (এত মাল!) তুমি তোমার ঘরে পরিজনের জন্য কী রেখে এলে? উত্তরে আমি বললাম, অনুরূপ অর্ধেক রেখে এসেছি। আর এদিকে আবূ বকর তাঁর বাড়ির সমস্ত মাল নিয়ে হাযির হলেন। তাঁকে আল্লাহর নবী জিজ্ঞাসা করলেন, তুমি তোমার পরিজনের জন্য ঘরে কী রেখে এলে? উত্তরে তিনি বললেন, আমি ঘরে তাদের জন্য আল্লাহ ও তাঁর রসূলকে রেখে এসেছি! তখনই মনে মনে বললাম যে, আবু বকরের কাছে কোন প্রতিযোগিতাতেই আমি জিততে পারব না।

## ফুটনোট

(আবূ দাঊদ ১৬৮০, তিরমিযী ৩৬৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন